

ক্র. নং	সেবার নাম	সেবা প্রদান পদ্ধতি	প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান	সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি	সেবা প্রদানের সময়সীমা	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবি, ফোন নম্বর ও ইমেইল)
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
১	সরকারি অর্থ বিনিয়োগের মাধ্যমে ক্ষুদ্র কৃষক পরিবার ও দরিদ্র মানুষকে কর্মসংস্থানের জন্য আর্থিক ঋণ সুবিধা প্রদান	ফাউন্ডেশনের কর্মকর্তাগণ স্বেচ্ছাসেবী মনোভাব নিয়ে দরিদ্র কৃষক পরিবারকে মানুষকে সংগঠিত করে কেন্দ্র গঠন করেন। কেন্দ্রের সদস্যদের বিভিন্ন আয়বর্ধনমূলক পেশা ও কাজের দক্ষতা বিবেচনা করে তাদের বিভিন্ন আয়বর্ধনমূলক কার্যক্রম (IGA) বাস্তবায়নে ঋণ প্রদানের জন্য বাছাই করেন এবং স্বল্পতম সময়ের মধ্যে ঋণ সুবিধা প্রদান করে থাকেন। এ জন্য ফাউন্ডেশনের কর্মকর্তা কর্তৃক কোন ধরনের অনৈতিক সুবিধা গ্রহণের সুযোগ নেই। দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়নে এটি সরকারি কার্যক্রমের অংশ।	ক্ষুদ্র ঋণ ও ক্ষুদ্র উদ্যোক্তা ঋণের কার্যনির্দেশিকা অনুযায়ী ক্ষুদ্র ঋণের নির্ধারিত ফরম ও ক্ষুদ্র উদ্যোক্তা ঋণের নির্ধারিত ফরম, উপজেলা কার্যালয় ও ওয়েবসাইট: (www.sfdf.gov.bd)	সরকার কর্তৃক নির্ধারিত সার্ভিস চার্জ আসল টাকার সাথে যুক্ত করে সাপ্তাহিক/মাসিক কিস্তিতে আদায় করা হয়ে থাকে।	০৭ দিন	এসএফডিএফ-এর কর্মএলাকাভূক্ত উপজেলা কার্যালয়ের উপজেলা ব্যবস্থাপক ও মাঠ কর্মকর্তাগণ
২	সদস্য ভর্তি	ক্ষুদ্র ঋণ ও ক্ষুদ্র উদ্যোক্তা ঋণের সদস্য নির্বাচনের ক্ষেত্রে সংশ্লিষ্ট এলাকার স্থায়ী বাসিন্দা এবং কৃষি ও কৃষি উৎপাদন কাজে সম্পৃক্ত পরিবারের সদস্য হতে হবে। তবে নারীদের অগ্রাধিকার দেয়া হয়ে থাকে। সদস্যদের জাতীয় পরিচয়পত্র ও মোবাইল নম্বর অবশ্যই থাকতে হবে। সদস্যদের বয়স ১৮ থেকে ৬০ বছরের মধ্যে হতে হবে।	সদস্য ভর্তি ফরম (www.sfdf.gov.bd)	সদস্য ভর্তি ফি ৫০ টাকা	০১ দিন	উপজেলা ব্যবস্থাপক ও মাঠ কর্মকর্তাগণ
৩	কেন্দ্র গঠন	উপজেলার প্রান্তিক চাষি ও ক্ষুদ্র কৃষকদের ১০-২৫ জন সদস্যকে নিয়ে কেন্দ্র গঠন করা হয়। সঞ্চয় জমায় উদ্ভুদ্ধ করে সদস্যদের নিজস্ব পুঁজি গঠন এবং ক্ষুদ্র ঋণ সুবিধা প্রদান করা হয়ে থাকে।	-	বিনামূল্যে	-	উপজেলা ব্যবস্থাপক ও মাঠ কর্মকর্তাগণ
৪	জামানতবিহীন ক্ষুদ্র ঋণ	কার্যনির্দেশিকা অনুসারে ঋণ কার্যক্রম পরিচালনা করা হয়। প্রাথমিক পর্যায়ে সর্বোচ্চ ৫০ হাজার টাকা থেকে ১.০০ লক্ষ টাকা পর্যন্ত বিভিন্ন আয়বর্ধনমূলক কার্যক্রমে জামানতবিহীন ক্ষুদ্র ঋণ প্রদান করা হয়। এ ঋণ ১১% হারে সেবামূল্যে সাপ্তাহিক কিস্তিতে পরিশোধযোগ্য। ঋণ পরিশোধের সর্বোচ্চ মেয়াদ ১ বছর। <u>এক্ষেত্রে ঋণ আবেদন ফরম ৩০ টাকা এবং পাশ বই বাবদ ৩০ টাকা।</u> ঋণ গ্রহীতা সদস্যের নিজের মৃত্যুর ক্ষেত্রে ঋণ অবলোপন করা হয়। এ জন্য ১% ঝুঁকিভাতা নেয়া হয়।	ক্ষুদ্র ঋণের কার্যনির্দেশিকা অনুযায়ী নির্ধারিত ফরম ও ওয়েবসাইট: (www.sfdf.gov.bd)	সরকার কর্তৃক নির্ধারিত সার্ভিস চার্জ আসল টাকার সাথে যুক্ত করে সাপ্তাহিক কিস্তিতে আদায় করা হয়ে থাকে।	০৭ দিন	উপজেলা ব্যবস্থাপক ও মাঠ কর্মকর্তাগণ

ক্র. নং	সেবার নাম	সেবা প্রদান পদ্ধতি	প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান	সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি	সেবা প্রদানের সময়সীমা	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবি, ফোন নম্বর ও ইমেইল)
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
৫	ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ	ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ নীতিমালা অনুযায়ী ক্ষুদ্র ঋণের সফল সদস্য এবং ক্ষুদ্র ও মাঝারি শিল্প উদ্যোক্তা/ব্যবসায়ীরা এসএফডিএফ-এর সদস্যভুক্তির পর ১ লাখ টাকা হতে ৫ লাখ টাকা পর্যন্ত বিভিন্ন উদ্যোগে ঋণ নিতে পারবেন। এ ঋণ ১১% হারে সেবামূল্যসহ মাসিক কিস্তিতে পরিশোধযোগ্য এবং পরিশোধের মেয়াদ সর্বোচ্চ ২ বছর। এই ঋণের ক্ষেত্রে আবেদন ফরম ৩০ টাকা, পাশ বই ৩০ টাকা এবং ঋণ প্রসেসিং ও মূল্যায়ন খরচ মঞ্জুরীকৃত ঋণের ১.৫% নেওয়া হয়। নীতিমালা অনুযায়ী এই ঋণে জামানতনামা নেয়া হয়। ঋণী সদস্য মারা গেলে এই ঋণ মওকুফ যোগ্য নয়।	ক্ষুদ্র উদ্যোক্তা কার্যনির্দেশিকা অনুযায়ী নির্ধারিত ফরম উপজেলা কার্যালয় ও ওয়েবসাইট: (www.sfdf.gov.bd)	সরকার কর্তৃক নির্ধারিত সার্ভিস চার্জ আসল টাকার সাথে যুক্ত করে মাসিক কিস্তিতে আদায় করা হয়ে থাকে।	০৭ দিন	সংশ্লিষ্ট আঞ্চলিক ব্যবস্থাপক, উপজেলা ব্যবস্থাপক ও মাঠ কর্মকর্তা
৬	সঞ্চয় জমা	সুফলভোগী সদস্যগণ ক্ষুদ্র ঋণের ক্ষেত্রে সপ্তাহে কমপক্ষে ৫০ টাকা সাপ্তাহিক সঞ্চয় এবং ক্ষুদ্র উদ্যোক্তা ঋণের ক্ষেত্রে মাসিক ৪০০ টাকা সঞ্চয় জমার মাধ্যমে নিজস্ব পুঁজি গঠন করে থাকেন। সঞ্চয় জমার উপর সদস্যগণ কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত হারে মুনাফা পেয়ে থাকেন এবং তা উত্তোলন করতে পারেন। প্রথম ঋণের বিপরীতে ৫% হারে এবং ২য় বা তৎপরবর্তী দফা ঋণের ক্ষেত্রে মূল ঋণের বিপরীতে আবশ্যিকভাবে সঞ্চয় ১০% জমা থাকতে হবে।	সংশ্লিষ্ট উপজেলা কার্যালয়	বিনামূল্যে	০১ দিন	উপজেলা ব্যবস্থাপক ও মাঠ কর্মকর্তাগণ
৭	প্রশিক্ষণ	আয়বর্ধনমূলক কার্যক্রম বাস্তবায়নে সুফলভোগী সদস্যদের আধুনিক চাষাবাদ ও উৎপাদন প্রযুক্তিতে দক্ষতা বৃদ্ধিতে কৃষি ভিত্তিক প্রশিক্ষণ যেমনঃ শাক সবজি চাষ, মৎস্য চাষ, হাঁস-মুরগীর খামার, গবাদি পশু প্রতিপালন, উন্নত কৃষি প্রযুক্তির ব্যবহার ইত্যাদি বিষয়ে পেয়ে থাকেন। এছাড়া স্বাস্থ্য, শিক্ষা ও পুষ্টি সচেতনতা, বাল্য বিবাহ রোধ এবং পরিকল্পিত পরিবার গঠনসহ বিভিন্ন সামাজিক ও অর্থনৈতি উন্নয়ন ও কার্যক্রমে সচেতনতামূলক প্রশিক্ষণ প্রদান করা হয়।	উপজেলা কার্যালয়	বিনামূল্যে	০১ দিন	উপজেলা পর্যায়ে প্রশিক্ষণের বিষয়ে সরকারের সংশ্লিষ্ট বিভাগের এবং এ প্রতিষ্ঠানের বিশেষজ্ঞ কর্মকর্তাগণ।
৮	অনলাইন অটোমেশন সেবা	অনলাইনে এসএফডিএফ-এর সকল সদস্যের নাম, আইডি নম্বর, মোবাইল নম্বর, স্থায়ী ঠিকানা, ঋণ গ্রহণের পরিমাণ, কিস্তি পরিশোধের তথ্য ও অনাদায়ী কিস্তি খেলাপি ও তামাদি খেলাপির সকল তথ্য তাৎক্ষণিকভাবে জানান সুযোগ রয়েছে।	সংশ্লিষ্ট উপজেলা কার্যালয় www.microfin360/sfdf.com	বিনামূল্যে	-	এসএফডিএফ-এর কর্মপ্রাধিকারভুক্ত উপজেলা কার্যালয়
৯	এসএমএস সার্ভিস	ফাউন্ডেশনের অটোমেশনে সুফলভোগীদের সঞ্চয় ও ঋণ সংক্রান্ত তথ্যাদিসহ অন্যান্য যাবতীয় ডাটাবেজের সাথে সদস্যদের মোবাইল নম্বর সংযোজিত করা হয়। সদস্যদের দৈনিক সঞ্চয় ও ঋণের সকল ধরনের লেনদেনের এসএমএস সদস্যদের মোবাইল নম্বরে অটো প্রেরণ করা হয়। ফলে সদস্যগণ দিনের মধ্যেই তাদের সঞ্চয় ও ঋণের সকল তথ্যাদি এসএমএস এর মাধ্যমে অবহিত হতে পারেন।	কেন্দ্র পর্যায়ে সুফলভোগী সদস্য	০.৩৫ টাকা/ এসএমএস	০১ দিন	এসএফডিএফ-এর কর্মপ্রাধিকারভুক্ত উপজেলা কার্যালয়
১০	বায়োমেট্রিক সেবা	একাধিক ঋণ গ্রহণ ও ভূয়া ঋণ গ্রহণ সংক্রান্ত অনিয়ম রোধ করার জন্য সদস্যদের স্বাক্ষরের পাশাপাশি আঙ্গুলের ছাপ গ্রহণ/সংরক্ষণের লক্ষ্যে বায়োমেট্রিক মেশিন অটোমেশন সফটওয়্যারের সাথে সংযোগ স্থাপনের মাধ্যমে কাজ সম্পাদন করা হয়। ঋণ বিতরণের সময় বায়োমেট্রিক মেশিনের মাধ্যমে সদস্যদের আঙ্গুলের ছাপ অটোমেশন সফটওয়্যারে সংরক্ষণ করা হয়। ফলে একজন সদস্য অন্য নামে বা নিজ নামে নিজ উপজেলা বা ফাউন্ডেশনের আওতাধীন অন্য কোন	সংশ্লিষ্ট উপজেলা কার্যালয়	বিনামূল্যে	১০ মিনিট	এসএফডিএফ-এর কর্মপ্রাধিকারভুক্ত উপজেলা কার্যালয়